গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

স্মারক নং- সএক/২০২১ **বিজ্ঞপ্তি** তারিখ ঃ ০৩/১২/২০২৪ খ্রি.

সরকারি এডওয়ার্ড কলেজের সম্মানিত বিভাগীয় প্রধানগণকে অবহিত করা যাচ্ছে যে, অত্র কলেজের **১৭ টি অনার্স বিভাগ ও** ডিগ্রি (পাস ) কোর্স নিয়ে মোট ১৮ টি দলের অংশগ্রহণে **'শহীদ জাহিদ-নিলয়'** আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০২৪ আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। এ প্রতিযোগিতা আগামী ০৯/১২/২০২৪ তারিখ হতে শুরু হবে। **এমতাবস্থায় প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য নিজ বিভাগের ১২ (বারো) জন খেলোয়াড়ের রেজিস্ট্রেশন ফরম পূরণপূর্বক তালিকা** আগামী ০৮/১২/২০২৪ তারিখের মধ্যে কলেজের শরীর চর্চা শিক্ষক এর কার্যালয়ে জমা দেয়ার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো। তালিকায় দলের ম্যানেজার ও কোচের (শিক্ষক) নাম অবশ্যই উল্লেখ থাকতে হবে।

প্রতিস্বাক্ষর
(প্রফেসর মো. আব্দুল আউয়াল মিয়া)
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

০৩.১২.২৪
**(প্রফেসর মো. নূরুল আলম)**
**অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ**
ও
আহবায়ক
অন্তঃকক্ষ ক্রীড়া পরিচালনা কমিটি ২০২৪-২৫
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
তারিখ ঃ ০৩/১২/২০২৪ খ্রি.

স্মারক নং- সএক/ ২০২১/১(২৮)

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ

১. উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
৩-২২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৩. আহবায়ক, ডিগ্রি (পাস ) কোর্স পরিচালনা কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৪. আহবায়ক, উচ্চ মাধ্যমিক শ্রেণি পরিচালনা কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৫. শরীরচর্চা শিক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৬. হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৭. নোটিশ বোর্ড, অত্র কলেজ।
২৮. অফিস নথি।

০৩.১২.২৪
**(প্রফেসর মো. নূরুল আলম)**
**অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ**
ও
আহবায়ক
অন্তঃকক্ষ ক্রীড়া পরিচালনা কমিটি ২০২৪-২৫
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

সরকারি এডওয়ার্ড কলেজ,পাবনা।

## ‘শহীদ জাহিদ-নিলয়’ আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০২৪

### নিয়মাবলী

১. এ প্রতিযোগিতা সরকারি এডওয়ার্ড কলেজ ‘শহীদ জাহিদ-নিলয়’ আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০২৪’ নামে পরিচালিত হবে।

২. প্রতিযোগিতার প্রতিটি খেলা কলেজের বিজ্ঞান ভবন মাঠে অনুষ্ঠিত হবে। তবে কমিটি বিশেষ কারনে মাঠ পরিবর্তন করতে পারবে।

৩. প্রতিযোগিতা কলেজ কর্তৃক গঠিত সরকারি এডওয়ার্ড কলেজ,অন্তঃকক্ষ ক্রীড়া পরিচালনা কমিটি ২০২৪-২৫ দ্বারা পরিচালিত হবে।

৪. প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রত্যেক ছাত্রকে স্ব স্ব বিভাগের হয়ে অংশগ্রহণ করতে হবে। এ কলেজের ছাত্র নয় বা এক বিভাগের ছাত্র অন্য বিভাগের হয়ে অংশগ্রহণ করলে তা শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হবে এবং ঐ ছাত্র যে বিভাগের হয়ে অংশগ্রহণ করবে সেই বিভাগকে প্রতিযোগিতা থেকে বিরত রাখা হবে।

৫. এ প্রতিযোগিতায় ৪র্থ বর্ষ (সম্মান) শ্রেণী, মাস্টার্স ১ম ও শেষ পর্ব এবং পাস কোর্সের ৩য় বর্ষের ফরম পূরণকৃত ছাত্ররা কোন ক্রমেই অংশ নিতে পারবে না।

৬. প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সর্বাধিক ১২ (বারো) জন খেলোয়াড়ের পাসপোর্ট আকারের ছবি সহ প্রদত্ত ফরমে নাম রেজিস্ট্রেশন করা বাধ্যতামূলক। রেজিস্ট্রেশন ফরমের সাথে রেজি. কার্ডের ফটোকপি ও যাদের রেজি. কার্ড হয় নাই তাদের কলেজের পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। ফরমের ছবি বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

৭. প্রতিযোগিতায় ৬ (ছয়) জন খেলোয়ার মাঠে খেলবে এবং অতিরিক্ত ৬ জন বদলি খেলোয়ার হিসাবে থাকবে ।

৮. এ প্রতিযোগিতা নক আউট পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। ভলিবল খেলা ২৫ পয়েন্টে সেট, ০৩ (তিন) সেটের মাধ্যমে খেলার জয় পরাজয় নির্ধারিত হবে। সেমিফাইনাল ও ফাইনাল খেলা ৫ (পাঁচ) সেটের মাধ্যমে খেলার জয় পরাজয় নির্ধারিত হবে। ৫ (পাঁচ) সেট খেলায় ০২-০২ সেটে সমতা হলে ৫ম সেট ১৫ পয়েন্টে জয়-পরাজয় নির্ধারণ হবে।

৯. প্রতি সেটে একটি দল সর্বোচ্চ ০২ বার টাইম আউট পাবে এর সময়কাল ০২ (দুই) মিনিট ।

১০. এ প্রতিযোগিতায় প্রতিটি খেলোয়াড়ের খেলার শুরু থেকে শেষ পর্যন্ত একই নম্বরের জার্সি ব্যবহার বাধ্যতামূলক।

১১. খেলা পরিচালনায় রেফারীর সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১২. রেফারী, সহকারি রেফারী ও মাঠ সংক্রান্ত বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩. সকাল ১০.০০ টা থেকে শুরু হয়ে প্রতিদিন ০৪ (চার) টি করে খেলা অনুষ্ঠিত হবে।

১৪. খেলাকে কেন্দ্র করে কোন বিভাগের আপত্তি থাকলে তবে খেলা শেষ হওয়ার ০২ (দুই) ঘন্টার মধ্যে প্রকৃত কারণ উল্লেখপূর্বক ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ফি প্রদান করে পরিচালনা কমিটির আহবায়ক বরাবর লিখিত আবেদন করতে হবে।

১৫. প্রতিটি বিভাগীয় দলের ০১ (এক) জন করে ম্যানেজার ও কোচের (শিক্ষক) নাম বিভাগীয় প্রধান কর্তৃক লিখিত ভাবে কমিটির নিকট প্রতিযোগিতা শুরুর পূর্বে অবশ্যই জমা দিতে হবে।

১৬. প্রতিটি বিভাগের টিম ম্যানেজারের উপস্থিতিতে লটারীর মাধ্যমে খেলার গ্রুপ ও ফিক্চার নির্ধারণ করা হবে। খেলার ফিক্চার কোন ভাবেই পরিবর্তন যোগ্য নয়।

১৭. এ প্রতিযোগিতা চলাকালীন অথবা খেলা শেষে যদি কোন খেলোয়াড় প্রতিপক্ষ দলের খেলোয়াড়কে বা রেফারীকে অথবা প্রতিপক্ষ দলের কর্মকর্তার সাথে অশোভন আচরণ করে তবে তা শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হবে এবং রেফারী, টেকনিক্যাল কমিটি এবং খেলা পরিচালনা কমিটির রিপোর্টের ভিত্তিতে কলেজ প্রশাসনের সিদ্ধান্ত অনুযায়ী তাকে শাস্তি ভোগ করতে হবে।

১৮. এ প্রতিযোগিতা পরিচালনায় যদি এমন কোন সমস্যার সৃষ্টি হয় যা এই নিয়মাবলীতে উল্লেখ করা হয়নি, সেক্ষেত্রে বাংলাদেশ ভলিবল ফেডারেশন বা পাবনা জেলা ক্রীড়া সংস্থার বিধি অনুযায়ী সমাধান করা যাবে।

১৯. যে কোন উদ্ভূত পরিস্থিতিতে পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২০. পরিচালনা কমিটি এই প্রতিযোগিতার নিয়মাবলীর যে কোন ধারা পরিবর্তন, সংযোজন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৩.১২.২৪

(প্রফেসর মো. নুরুল আলম)
অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ
ও
আহবায়ক
অন্তঃকক্ষ ক্রীড়া পরিচালনা কমিটি ২০২৪-২৫
সরকারি এডওয়ার্ড কলেজ,পাবনা।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মো. আব্দুল আউয়াল মিয়া)
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ,পাবনা।

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

**'শহীদ জাহিদ-নিলয়' আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০২৪**

<u>রেজিস্ট্রেশন ফরম</u>

ছবি পাসপোর্ট সাইজ
বিভাগীয় প্রধান কর্তৃক
সত্যায়িত।

**বিভাগের নাম :**.......................................................................।

১. নাম (ডাক নাম সহ) :.................................................................

২. পিতার নাম : ...........................................................................

৩. মাতার নাম : ...........................................................................

৪. স্থায়ী ঠিকানা :

গ্রাম : ......................................ডাকঘর : ..................... .....

উপজেলা : ................................জেলা : .............................

৫. বিষয় : ............................................শিক্ষাবর্ষ : ..........................

শ্রেণি : ............................................শ্রেণি রোল নং: .....................

রেজিস্ট্রেশন নং : ..............................পরীক্ষার রোল নং : .................

৬. সনাক্তকরণের কোন চিহ্ন (যদি থাকে) : ................................................

৭. জন্ম তারিখ : ........................................

৮. মোবাইল নম্বর :.......................................

বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সীল

ছাত্রের পূর্ণ স্বাক্ষর